

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৮ আগস্ট ২০১৬

ডিজিটাল করদাতা সেবার জন্য প্রস্তুত হচ্ছে এনবিআরঃ শক্তিশালী করা হচ্ছে আইটি ইউনিটের কার্যক্রম

জাতীয় রাজস্ব বোর্ড দেশের মোট কর রাজস্বের প্রায় ৯৫ শতাংশ, রাজস্ব সম্পদের প্রায় ৮৬ শতাংশ সংগ্রহের পাশাপাশি জাতীয় বাজেটের প্রায় ৬০ শতাংশ যোগান দিয়ে থাকে। রাষ্ট্রের রাজস্ব ভান্ডার সমৃদ্ধ করার ক্ষেত্রে সম্মানিত করদাতাগণ সবচেয়ে বড় অবদান রাখছেন। সম্মানিত করদাতাদের আধুনিক ও যুগোপযোগী সেবা দিতে জাতীয় রাজস্ব বোর্ড বৃদ্ধিপরিকর। পাশাপাশি সম্মানিত করদাতাদের সন্তুষ্টি, সেবার মান আরো উন্নততর এবং দ্রুত সেবা নিশ্চিত করার লক্ষ্যে 'ডিজিটাল করদাতা সেবা' দিতে প্রস্তুত হচ্ছে এনবিআর।


সম্মানিত করদাতাদের ডিজিটাল পদ্ধতিতে সর্বোচ্চ সেবা দ্রুত প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। আয়কর, শুল্ক ও মুসক সংশ্লিষ্ট কার্যাবলীসমূহ অটোমেশনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য-প্রযুক্তি ইউনিটকে আরো আধুনিক এবং শক্তিশালী করা হচ্ছে। এ বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান এর সভাপতিত্বে 'আইআরডি-এনবিআর সমন্বয় সভা' আজ বিকেল ৩.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তাগণসহ আইটি ইউনিটের অন্যান্য কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় সম্মানিত সভাপতি মেধাবী আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে একটি টীম গঠনের মাধ্যমে আইসিটি কর্মকাণ্ড আরও গতিশীল করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় আইসিটিকে Enabler হিসাবে ব্যবহারের মাধ্যমে জনগণকে সেবা প্রদানের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ASYCUDA World upgradation করতে হবে। ই-এলসি, ই-এক্সপি শীঘ্রই চালুর ব্যবস্থা করতে হবে। ASYCUDA World System, BITAX ও IVAS system এর মধ্যে Integration করতে হবে যাতে করে রাজস্ব মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- Online VAT registration ও Return submission দ্রুত ও নিরাপত্তা করতে হবে। Online Income Tax এর registration ও Return submission দ্রুত ও নিরাপত্তা করতে হবে।
- বিভিন্ন সংস্থার সাথে যেমন- ICT division, A2I, বাংলাদেশ ব্যাংক ও কম্পিউটার কাউন্সিলের সাথে যোগাযোগের মাধ্যমে ICT কার্যক্রম আরও জোরদার করতে হবে।
- জাতীয় রাজস্ব বোর্ডের চলমান প্রকল্পসমূহ Technical support প্রদানের মাধ্যমে এর কার্যক্রমকে আরও জোরদার করতে হবে। e-filing ও monthly report card এর কার্যক্রমকে আরও ত্বরান্বিত করতে হবে।
- Website প্রতিনিয়ত update করে সাপ্তাহিকভাবে এর update এর রিপোর্ট প্রদান করতে হবে। তথ্য আদান প্রদানের বিষয়ে NBR ও IRD website এর মধ্যে সমন্বয় করতে হবে। জরুরী যোগাযোগের জন্য ওয়েব সাইটে কর্মকর্তাদের নাম ও মোবাইল নম্বর দেওয়া হবে এবং সর্বশেষ হালনাগাদ তারিখ ওয়েব সাইটে প্রদর্শন হবে। মাঠ পর্যায়ের দপ্তরের ওয়েব সাইটের URL জানতে হবে।
- আইটি কর্মকর্তাদের প্রতিদিন লগবই সংরক্ষণ করতে হবে। প্রতি ১৫ দিন পর চেয়ারম্যান মহোদয় আইটি কর্মকর্তাদের নিয়ে সভা করবেন। আইটি গ্রুপ মেইলে উর্দ্ধতন কর্মকর্তাদের সংযুক্ত করতে হবে।
- জাতীয় রাজস্ব বোর্ড ও মাঠ পর্যায়ের সকল আইটি কর্মকর্তাদের নিয়ে একটি ফোরাম করতে হবে। সদস্য (শুল্ক নীতি) মহোদয়ের তত্ত্বাবধানে সিস্টেমস ম্যানেজার ফোরামের কার্যক্রম সমন্বয় করবেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান তাঁর সমাপনী দিক-নির্দেশনামূলক বক্তব্যে বলেন, “মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড দেশে একটি ব্যবসা বান্ধব, শিল্প বান্ধব ও বিনিয়োগ বান্ধব পরিবেশ প্রতিষ্ঠায় অব্যাহত প্রয়াস চালাচ্ছে। স্বনির্ভর ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জাতীয় রাজস্ব বোর্ড সকলের সহযোগিতায় রাজস্ব সংগ্রহে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।” তিনি আরো বলেন, “ইতোমধ্যে সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামোর আওতায় এনবিআরকে ঢেলে সাজানো হয়েছে। করদাতাদের ডিজিটাল সেবা দিতে স্থাপন করা হয়েছে আইসিটি বিভাগ। ডিজিটাল সেবা দিতে শক্তিশালী করা হচ্ছে আইটি ইউনিটকে। করদাতা সেবায় ইতোমধ্যে অনলাইনে ই-টিআইএন রেজিস্ট্রেশন ও রি-রেজিস্ট্রেশন পদ্ধতি চালু হয়েছে। করদাতা ও সেবাহীদদের মাঝে এটি ব্যাপক সাড়া ফেলেছে। সহসাই চালু হচ্ছে অনলাইনে রিটার্ন দাখিল। ভ্যাট অনলাইন আগামী বছর থেকে চালু হচ্ছে। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড চালুর মাধ্যমে কাস্টমসে গতি এসেছে। নতুন আয়কর আইন আসছে। ভ্যাট, কাস্টমস্ ও আয়করকে ডিজিটাল পদ্ধতির মাধ্যমে সমন্বয় করা হবে শীঘ্রই। এরই মাধ্যমে একজন সম্মানিত করদাতা কর অঞ্চল, কর অফিসে না গিয়ে ঘরে বসেই সব ধরনের সেবা পাবেন।”

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা